দৈনিক ইত্তেফাক

তারিখ ……
পৃষ্ঠা ১·১৫ কলাম ৮……

FEB. 22 2002

# ছাত্রলীগের সাথে চবি কর্তৃপক্ষের ৭ দফা সমঝোতা

চট্টগ্রাম অফিস ॥ ছাত্রলীগ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা বিশ্ববিদ্যালয়ে তাদের চলমান অবরোধ কর্মসূচী গতকাল বুধবার থেকে প্রত্যাহার করেছে। বিশ্ববিদ্যালয় (১৫শ পৃষ্ঠার ৮-এর কঃ দ্রঃ)

## ছাত্রলীগের সাথে

(শেষ পৃষ্ঠার পর)

কর্তৃপক্ষ এবং ছাত্রলীগ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা জানায়, গতকাল অনুষ্ঠিত এক সভায় ৭ দফা সিদ্ধান্তের প্রেক্ষিতে সমঝোতা প্রতিষ্ঠিত হওয়ায় গত ক'মাস ধরে বিরাজমান অচলাবস্থার নিরসন হয়েছে। ভাইস চ্যান্সেলর কার্যালয়ে অনুষ্ঠিত এই বৈঠকে ভিসি এজেএম নুরুদ্দিন চৌধুরী ও প্রো-ভিসি শামসুদ্দিন আহমেদ ছাত্রলীগ নেতৃবৃন্দের সাথে কথা বলেন। এ সময় বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট, শিক্ষক সমিতি, শিক্ষক প্রতিনিধি, জেলা ও পুলিশ প্রশাসনের প্রতিনিধিগণও উপস্থিত ছিলেন। বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে রয়েছে ক্যাম্পাস ও হলগুলোতে বৈধ শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করা, হলে বৈধ নয় এমন ব্যক্তিদের থাকতে না দেয়া, বিশ্ববিদ্যালয়ে সংঘটিত বিভিন্ন ঘটনার তদন্ত রিপোর্টের ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ, ২৮শে ফেব্রুয়ারী সকাল ৯টার মধ্যে হলগুলো খালি করা এবং ১লা মার্চ সকাল ৯টা থেকে বৈধ শিক্ষার্থীরা পরিচয়পত্র দেখিয়ে হলে প্রবেশ করবে ইত্যাদি। বৈঠকে ছাত্রলীগ চবি সভাপতি জিল্লুর রহমান জুয়েল ও সাধারণ সম্পাদক মোহাম্মদ নাছির হায়দার বাবুল সংগঠনের পক্ষে নেতৃত্ব দেন। বৈঠকে ক্যাম্পাসে উত্তেজনা ঠেকাতে প্রক্টোরিয়াল বডিকে শক্তিশালী করার সিদ্ধান্ত নেয়া হয়। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সুষ্ঠু পরিবেশ, সহাবস্থান ও সবার মত প্রকাশের স্বাধীনতা নিশ্চিত করারও অঙ্গীকার ব্যক্ত করেন।